

## ১২,২০০ (বার হাজার দুইশত) পিস ইয়াবাসহ একজন শীর্ষ মাদক ব্যবসায়ী গ্রেফতার



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি বিশেষ টিম গত ১৫/০৫/২০১৫ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকায় রামপুর থানাধীন ১৮০/৬/৮ পূর্ব রামপুরা ব্যাংক কোলনীস্থ ৫ম তলা বিশিষ্ট বাড়ীর ওয় তলায় অভিযান পরিচালনা করে ১২,২০০ (বার হাজার দুইশত) ইয়াবাসহ ০১ (এক) শীর্ষ মহিলা মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীর নাম জরিলা বেগম (৩০) স্বামীঃ দুলাল মিয়া, স্থায়ী ঠিকানা-সাংঃ মহিষ লাঠি, থানা : হালুয়াঘাট, জেলাঃ ময়মনসিংহ। আসামী দীর্ঘ দিন যাবৎ মাদক (ইয়াবা) ব্যবসা করে আসছিল। উক্ত আসামীকে ইতোপূর্বে ২০০ (দুইশত) পিস ইয়াবাসহ গত ০৯/০৩/২০১৫ ইং তারিখে বাড্ডা থানাধীন এলাকায় তার দখলীয় ফ্ল্যাটে হাতেনাতে গ্রেফতার করা হয়। পরবর্তীতে জামিনে মুক্তি লাভ করেন। আসামী জামিন পাওয়ার পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চল তার উপর গোয়েন্দা নজরদারী জোরদার করেন। গোপন তথ্যে জানা যায় আসামী জামিনে মুক্ত হওয়ার পর ঠিকানা পরিবর্তন করে আবারও মাদক ব্যবসা শুরু করেন। তিনি টেকনাফ হতে বিপুল পরিমাণ ইয়াবা ট্যাবলেট এনে তার দখলীয় ফ্ল্যাটে রেখে ঢাকা শহরের বিভিন্ন ইয়াবা ব্যবসায়ীদের নিকট পাইকারী মূল্যে বিক্রি করেন। উক্ত গোপন তথ্যের ভিত্তিতে অভিযানটি পরিচালনা করা হয় এবং তার দখলীয় ফ্ল্যাট (ভাড়া করা) হতে ১২,২০০ (বার হাজার দুইশত) পিস ইয়াবাসহ তাকে গ্রেফতার করা হয়। উক্ত আসামী মাদক সিভিকিটের সক্রিয় সদস্য বলে গোপন তথ্যে জানা যায় এবং ব্যাপক জিজ্ঞাসাবাদে দীর্ঘ দিন যাবৎ বিভিন্ন কৌশল অবলম্বন করে ঢাকা শহরে ইয়াবা বিক্রি করার কথা তিনি স্বীকার করেন।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে রামপুরা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় অত্র অধিদপ্তরের উপপরিদর্শক জনাব মোঃ সুমনুর রহমান বাদী হয়ে একটি নিয়মিত মামলা রুজু করেন। মামলার তদন্ত কার্য অব্যাহত আছে।